গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

বিষয়: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. নাহিদ রশীদ, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভার স্থান	:	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
তারিখ ও সময়	:	২০ ফেব্রুয়ারি ২০২৩, দুপুর ১২.০০ টা
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা	:	পরিশিষ্ট-'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের গুরুত্ব সম্পর্কে সভায় আলোকপাত করা হয় এবং এসকল প্রতিশ্রুতির সাথে সরকারের পূর্বের মেয়াদ এবং বর্তমান মেয়াদেও অনেক ক্ষেত্রে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্বাচনী ইশতেহারেরও সম্পর্ক রয়েছে বিধায় প্রতিশ্রুতিসমূহ দ্রুততম সময়ে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের বিষয়ে একমত পোষণ করে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন মর্মে জানান।

২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব আবুল কালাম আজাদ গত ১৮ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩। সভায় এ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা প্রধানগণ নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে অগ্রগতি অবহিত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

প্রতিশ্রুতি: মাননীয় প্রধানমন্ত্রীর ০৬ (ছয়) টি প্রতিশ্রুতির সবগুলি বাস্তবায়িত

নির্দেশনাসমূহ:

ক্র.নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	আলোচনা	গৃহিত সিদ্ধান্ত/ মন্তব্য	বাস্তবায়নে
১.	টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে সকলকে সম্পৃক্ত করতে হবে।	প্রশাসন-১ অধিশাখার উপসচিব সভায় জানান যে, (ক) অভীষ্ঠ-১৪ এর বেইজ লাইন ডাটা প্রণয়নের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে ১৪-১৫ ডিসেম্বর অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মৎস্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। (খ) GED কর্তৃক SDG Revised Action Plan প্রণয়নের জন্য ৩১ জানুয়ারি ২০২৩ তারিখ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালার নির্দেশনা মোতাবেক Action Plan চূড়ান্ত করে প্রেরণ করা হবে।	টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (সকল)/ যুগ্মসচিব (সকল)/ সকল সংস্থা প্রধান
২.	হাওর এলাকায় অধিক পরিমাণে মৎস্য চাষ এবং সম্ভাব্যতা যাচাইপূর্বক মৎস্য প্রক্রিয়াকরণ শিল্প-প্রতিষ্ঠান গড়ে তোলা যেতে পারে।	মহাপরিচালক (চ. দা.), মৎস্য অধিদপ্তর সভায় জানান যে, • ''হাওর অঞ্চলে মৎস্যসম্পদ উন্নয়ন' শীর্ষক প্রকল্পে জনবল অনুমোদন এবং যাচাই-সভা অনুষ্ঠিত হয়েছে। • পরিকল্পনা কমিশনের অনুশাসন অনুযায়ী নিরপেক্ষ প্রতিষ্ঠান কর্তৃক উক্ত প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। • নিরপেক্ষ প্রতিষ্ঠান কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন এবং পর্যালোচনা সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট সভায় জানান যে,	বিএফআরআই হাওরে Species Spreading নিয়ে গবেষণা কার্যক্রম গ্রহণের নিমিত্ত হালনাগাদ তথ্য প্রদান করতে হবে।	অতিরিক্ত সচিব (মৎস্য/ পরিকল্পনা)/ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর/ মহাপরিচালক, বিএফআরআই

		হাওড় ও বিলে আলোচ্য বিষয়ে গবেষণা পরিচালনার জন্য বিএফআরআই হতে 'কিশোরগঞ্জ জেলায় হাওর মৎস্য গবেষণা ও গোপালগঞ্জ জেলায় বিল মৎস্য গবেষণা কেন্দ্র স্থাপন' প্রকল্পের উপর গত ২৯.০৮.২০২১ তারিখে PEC সভা অনুষ্ঠিত হয়েছে। ডিপিপি সংশোধনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।		
৩.	এ মন্ত্রণালয়ের মাধ্যমে মৎস্য এবং হালাল মাংস সৌদি আরবসহ মুসলিম দেশসমূহে রপ্তানি করা যেতে পারে।	মহাপরিচালক (চ. দা.), মৎস্য অধিদপ্তর সভায় জানান যে, (ক) চলতি ২০২২-২৩ অর্থবছরের জানুয়ারি ২০২৩ মাস পর্যন্ত মধ্যপ্রাচ্যে মোট ১,৯১২.৫৭ মে.টন মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানি হয়েছে। তন্মধ্যে সৌদি আরবে ৫৮০.১০ মে.টন মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানি হয়েছে। রপ্তানিযোগ্য মাছের গুণগতমান নিশ্চিত করার জন্য রপ্তানিতব্য মৎস্য পণ্যের লট ও প্রক্রিয়াজাত কারখানা পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ করা হয়ে থাকে। ক্রেতার চাহিদা মোতাবেক ল্যাবরেটরিতে বিভিন্ন রাসায়নিক ও জীবাণু পরীক্ষণ সম্পন্ন করে রপ্তানিতব্য পণ্যের গুণগতমান নিশ্চিত করা হয়। (খ) সম্প্রতি অধিক উৎপাদনশীল ভেনামী চিংড়ি ট্রায়াল বেসিসে চাষ শুরু হয়েছে। ভেনামী চিংড়ির উৎপাদন হার অনেক বেশি হওয়ায় মৎস্য প্রক্রিয়াজাত কারখানাসমূহ কাঁচামালের অধিক যোগান পাবে বিধায় মৎস্য রপ্তানির পরিমাণ বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। এছাড়াও আন্তর্জাতিক বাজারের চাহিদার ভিত্তিতে ভ্যালু এ্যাডেড মৎস্যপণ্য রপ্তানির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে Fish Conservation বিষয়টি অন্তর্ভুক্ত করে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের অনুমোদনের প্রক্রিয়া চলমান রয়েছে। বর্ণিত কার্যক্রমটির যথাযথভাবে সংস্থান রেখে গৃহীতব্য প্রকল্পগুলো হলো: • অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মৎস্যসম্পদ উন্নয়ন প্রকল্প; • হাওর অঞ্চলে মৎস্যসম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়); • হালদা নদীর প্রাকৃতিক মৎস্য প্রজননক্ষেত্র উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (২য় পর্যায়); • খরা প্রবণ, বরেন্দ্র অঞ্চল ও নিমগাছী এলাকার জলাশয়সমূহের উৎপাদনশীলতা বৃদ্ধি প্রকল্প। উল্লিখিত প্রকল্পসমূহে কার্যক্রমসমূহের মধ্যে অভয়াশ্রম স্থাপন ও ব্যবস্থাপনা, আবাসস্থল উন্নয়ন, বিল নার্সারি স্থাপন, ফিশ ব্রিডিং এন্ড নার্সারি গ্রাউন্ড স্থাপন, মৎস্য আইন বাস্তবায়ন, স্থানীয় কমিউনিটি গঠন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের সংস্থান রাখা হয়েছে।	(ক) রপ্তানিযোগ্য মাছের গুণগতমান নিশ্চিত করে রপ্তানি করতে হবে। (খ) মৎস্য রপ্তানি বৃদ্ধির প্রচেষ্টা গ্রহণ করতে হবে। (গ) জরুরি ভিত্তিতে Fish Conservation -এর বিষয়ে প্রকল্প গ্রহণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (ঘ) FMD ঝুঁকি নিরসনের জন্য সময় নির্ধারণ করতে হবে।	অতিরিক্ত সচিব (মৎস্য/প্রাস)/ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর/ মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
		মহাপরিচালক (চ. দা.), প্রাণিসম্পদ অধিদপ্তর সভায় নিম্নবর্ণিত অগ্রগতি উপস্থাপন করেনঃ ১. ইপিডেমিওলজি ইউনিট কার্যক্রম গ্রহণ শেষে প্রতিবেদন দাখিল করেছে। ২. ল্যবরেটরি সম্পর্কিত প্রতিবেদন পাওয়া গেছে। ৩. প্রতিবেদন প্রাপ্তির জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট FAO-ECTAD, Bangladesh এর নিকট দাখিল করা হয়েছে। কিন্তু প্রতিবেদন পাওয়া যায়নি। ৪. নোটিফিকেশন হয়নি এবং SFDA বরাবর আবেদন দাখিল করা হয়নি।		
৪.	বিদেশের বাজারের পাশাপাশি বাংলাদেশী ব্যবসায়ীদের	মহাপরিচালক (চ. দা.), মৎস্য অধিদপ্তর সভায় জানান যে, • রপ্তানিযোগ্য মাছের গুণগতমান নিশ্চিত করে রপ্তানি করা হয়ে থাকে। রপ্তানিতব্য মৎস্য পণ্যের লট ও প্রক্রিয়াজাত কারখানা পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ করা হয়ে থাকে। ক্রেতার চাহিদা	(ক) রপ্তানিযোগ্য মৎস্য এবং মাংসের গুণগতমান নিশ্চিত করে রপ্তানি করতে	অতিরিক্ত সচিব(মৎস্য/ পরিকল্পনা/ প্রাস)